

ভজ নিতাই গৌর রাধেশ্যাম-জপ হরে কৃষ্ণ হরে রাম



রাঘব পণ্ডিতের প্রাণ।
নিতাই গৌর রাধেশ্যাম

তন্দে প্রভুং নিত্যানন্দং কৃষ্ণাময় বিগ্রহম্।
রঘুনাথ প্রিয়ং তন্দে প্রেমভক্তি প্রদায়কম্।।



মহাত্মন,

আগামী ৩১শে জ্যৈষ্ঠ ১৪২৬ (ইং ১৫ই জুন ২০১৯) শনিবার 'জ্যৈষ্ঠ শুক্লা ত্রয়োদশী' তিথিতে শ্রীশ্রী চৈতন্য মহাপ্রভু, শ্রীশ্রী নিত্যানন্দ মহাপ্রভু, ঠাকুর নিত্যগোপাল, ঠাকুর শ্রীশ্রীরামকৃষ্ণ ও শ্রীপাদ রামদাস বাবাজী মহাশয় প্রভৃতি মহাজনবৃন্দের পদধূলি রঞ্জিত বৈষ্ণব তীর্থ পানিহাটির অন্যান্য আবহাওয়ায় গঙ্গাতীরবর্তী শ্রীচৈতন্য মন্দিরে শ্রীরাঘব ভবন ও প্রভু নিত্যানন্দের লীলা সাক্ষী সেই সুপ্রাচীন বটবৃক্ষের ছত্রছায়ায় এবারেও প্রত্যেক বছরের ন্যায় মহা সমারোহে শ্রীশ্রীরঘুনাথ দাস গোস্বামীর 'দণ্ড মহোৎসব' পালনের আয়োজনে ব্রতী হইয়াছি।

প্রায় ৫০০ বছর অতিক্রান্ত এক যুগান্তকারী ঘটনার নিদর্শন বৈষ্ণব জগতের শ্রেষ্ঠ তীর্থ শ্রীপাট পানিহাটি ও শ্রী নিতাই কৃপা মহোৎসব যা কিনা 'দণ্ড মহোৎসব' (চিড়ার মেলা) নামে সুপরিচিত। আজও সেই বটবৃক্ষ সাক্ষীস্বরূপ দণ্ডায়মান। এতদুপলক্ষে তিনদিন ব্যাপী শ্রীমৎভগবত পাঠ, মহানাট সংকীর্তন, বাউল গান, লীলাকীর্তন, গীতি আলেখ্যসহ অন্যান্য সদানুষ্ঠান ও বরাহনগর শ্রীপাটবাড়ী আশ্রমের রামদাস বাবাজী মহারাজ সম্প্রদায় কর্তৃক 'দণ্ড মহোৎসব' লীলা যাত্রাভিনয়সহ লক্ষ লক্ষ ভক্ত সমাবেশে বিরাট মেলা এবং মহাপ্রসাদ বিতরণ হইবে। আসুন এই চিন্ময় তীর্থভূমি রক্ষা করার মাধ্যমে অনুষ্ঠানকে সাফল্যমণ্ডিত করিতে আপনার ও আপনাদের উপস্থিতি, সাহায্য ও সহযোগিতা একান্তভাবে প্রার্থনা করি।

বিনীত

স্বপন ঘোষ (মন্টু)

প্রাক্তন পৌরপ্রধান

পানিহাটি পৌরসভা

তারিখ : ১০ই জুন, ২০১৯

পানিহাটি পৌরসভা